১/৮/২০০১

যুগান্তর

# ঢাবি'র অচলাবস্থা নিরসনে সকলের চোখ রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টার দিকে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনে সবার দৃষ্টি এখন রাষ্ট্রপতি এবং প্রধান উপদেষ্টার দিকে। সমস্যার শান্তিপূর্ণ সমাধানে উপাচার্য, ছাত্রদল, ছাত্রলীগ এবং গণতান্ত্রিক ছাত্রঐক্য তাদের হস্তক্ষেপ কামনা করেছে। ছাত্রদল আজ প্রধান উপদেষ্টার কাছে তাদের দাবি-দাওয়া সংবলিত স্মারকলিপি পেশ করবে। ইতিমধ্যে উপাচার্য একবার রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদের সঙ্গে সাক্ষাৎ করেছেন। এবার রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টা উভয়ের সঙ্গে সিন্ডিকেট সদস্যদের নিয়ে সাক্ষাৎ করার সিদ্ধান্ত নিয়েছেন। এদিকে ছাত্রলীগ শিক্ষাজীবন ধ্বংসের হাত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়কে রক্ষার জন্য

ঢাবি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ১৬ কলাম ৭ ....

## ঢাবি : অচলাবস্থা

(শেষ পৃষ্ঠার পর)

আগামী ৫ আগস্ট প্রধান উপদেষ্টা এবং ৭ আগস্ট রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি পেশ করবে। গতকাল মধুর কেন্টিনে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলন থেকে এ কর্মসূচি ঘোষণা করা হয়।

আওয়ামী লীগ সরকারের মেয়াদ শেষের রাত থেকে ক্যাম্পাসে ছাত্রলীগের আধিপত্য অক্ষুণ্ন, ছাত্রদলের হারানো অবস্থান পুনরুদ্ধার এবং কর্তৃপক্ষের নিরাপত্তা ব্যবস্থা জোরদারের পদক্ষেপে বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা সৃষ্টি হয়। গত ২৯ জুলাই থেকে ছাত্রদলের ডাকা লাগাতার ধর্মঘটে শিক্ষা প্রতিষ্ঠানটি পুরোপুরি অচল হয়ে পড়ে। ক্লাস, পরীক্ষাসহ সব একাডেমিক কার্যক্রম বন্ধ হয়ে যায়। কর্তৃপক্ষ আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের জন্য বার বার আহ্বান জানালেও দাবি আদায়ের আগে ছাত্রদল আলোচনায় বসতে নারাজ।

ছাত্রদলের লাগাতার ধর্মঘটের তৃতীয় দিনে গতকালও ক্যাম্পাস কার্যত বন্ধ ছিল। দুপুরের পর সায়েন্স লাইব্রেরি খোলা হলে বিকালে ছাত্রদল কর্মীরা সেটি আবার বন্ধ করে দেয়। ধর্মঘটের সমর্থনে তারা ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করে। কলাভবনের মূল গেটে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু, মঞ্জুর-ই-এলাহী, এবিএম মোশাররফ হোসেন, আজিজুল বারী হেলাল, রেহেনা আক্তার রানু, মোস্তাফিজুল ইসলাম মামুন, সাইদুর রহমান নিউটন, আসাদুজ্জামান আসাদ, নূরুল ইসলাম নয়ন প্রমুখ। সমাবেশে সদ্য কারামুক্ত বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন, আনোয়ারুল হক রয়েল এবং নাজমুল হাসান বকুলকে ফুলের মালা দিয়ে সংবর্ধনা দেয়া হয়। বক্তারা তাদের আন্দোলন অব্যাহত রাখার ঘোষণা দিয়ে বলেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট প্রত্যাহার করা হবে না।

ধর্মঘট প্রত্যাখ্যান করে ছাত্রলীগ ক্যাম্পাসে মিছিল শেষে ডাকসু ভবনের সামনে সমাবেশ করে। সংগঠনের সভাপতি বাহাদুর বেপারির সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে সাধারণ সম্পাদক অজয় কর খোকন, শাহীন বেগ, একেএম আজিম প্রমুখ বক্তব্য রাখেন। বক্তারা বলেন, অছাত্র মাস্তানদের ডাকা ধর্মঘটে ছাত্রদের শিক্ষাজীবন বিপন্ন হতে দেয়া যায় না। ধর্মঘট প্রতিরোধে আজ বটতলায় সমাবেশ থেকে নতুন কর্মসূচি দেয়া হবে বলে তারা ঘোষণা দেন।

**পরীক্ষা স্থগিত ঘোষণা**

ইউএনবি জানায়, লাগাতার ধর্মঘটের পরিপ্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কার্জন হল ও কলাভবনে আজ এবং আগামীকাল অনুষ্ঠিতব্য সব কেন্দ্রের পরীক্ষা স্থগিত ঘোষণা করেছেন। এসব পরীক্ষা অনুষ্ঠানের পরবর্তী তারিখ শিগগির ঘোষণা করা হবে। গতকাল বিকাল ৪টায় প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত সিন্ডিকেটের জরুরি সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইন্সটিটিউশনের পরীক্ষা স্থগিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ছাত্রদলের ডাকা অনির্দিষ্টকালের ধর্মঘটের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ২৯-৩১ জুলাইয়ের পরীক্ষাও স্থগিত করে দেয়।

জাতীয়তাবাদী ছাত্রদল ভাইস চ্যান্সেলরের পদত্যাগ, হলগুলো থেকে অবৈধ অস্ত্র উদ্ধার, হলগুলো থেকে সন্ত্রাসীদের গ্রেফতার এবং ভাইস চ্যান্সেলর ও হল প্রভোস্টদের বাসভবন ঘেরাও করে পুলিশি তল্লাশির মাধ্যমে অবৈধ অস্ত্র উদ্ধার করার দাবিতে গত ২৯ জুলাই থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের ধর্মঘট আহ্বান করে।

সংকট অব্যাহত থাকার পরিপ্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ সকাল সাড়ে ১০টায় সিনেট, সিন্ডিকেট, শিক্ষক সমিতির সদস্যবৃন্দ, ডিনগণ, প্রভোস্টগণ, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, ইন্সটিটিউটের পরিচালক, গবেষণা কেন্দ্রের পরিচালক, ব্যুরো প্রধান ও সব হলের আবাসিক শিক্ষকদের যৌথ সভা আহ্বান করেছে।